R. N. No. 2532/57 Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

এম বি পাম্পসেট
চাষীভাইদের স্বপ্নকে সার্থক করে তোলে।
পরিবেশক :—
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৫শ বর্ষ
২০শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ১০ই আশ্বিন বুধবার, ১৩৮৫ সাল।
২৭শে সেপটেম্বর, ১৯৭৮ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৭৲, সডাক ৮৲

## আঠার বছর আগেই বন্যার হুঁশিয়ারী দেওয়া হয়েছিল

বিশেষ প্রতিনিধি : পশ্চিমবঙ্গ বন্যা অনুসন্ধান কমিটি ১৯৬০ সালে বন্যা সম্পর্কে সরকারকে হুঁশিয়ার করে দিয়েছিলেন। ১৯৫৬ ও ১৯৫৯ সালে বিধ্বংসী বন্যার পর আঠার জন বাঘা বাঘা ইঞ্জিনীয়ারকে নিয়ে ওই কমিটি গঠন করা হয়েছিল। চেয়ারম্যান ছিলেন সরদার মানসিং। সমগ্র পশ্চিমবঙ্গে বন্যা নিয়ন্ত্রণের জন্য তাঁরা বাঁধ তৈরী, জল নিয়ন্ত্রণ ও জলনিকাশী প্রকল্প তৈরী করে দিয়েছিলেন। আনুমানিক ব্যয় ধার্য হয়েছিল ১২২ কোটি টাকা। ২৪ সেপটেম্বর জঙ্গিপুর পুরভবনে অনুষ্ঠিত জঙ্গিপুর মহকুমার গঙ্গাভাঙন ও বন্যা সমস্যার স্থায়ী সমাধান প্রসঙ্গে আলোচনা সভায় এ তথ্য প্রকাশ করেন জনপ্রতিনিধি অমল রায়। তিনি বলেন, মানসিং কমিটি বাগমারী ও অজয় নদের মধ্যবর্তী এলাকাকে একটি অঞ্চলে ভাগ করে পাগলা, বাঁশলৈ ও বাগমারী নদীর জল নিকাশের জন্য ৫০ লক্ষ টাকার একটি প্রকল্প পেশ করেছিলেন। এই এলাকায় অনুসন্ধান চালাতে খরচ হয়েছিল ৪০ হাজার টাকা। ১২২ কোটি টাকার মধ্যেই ঐ প্রকল্পগুলি ছিল। কিন্তু সরকার এই রিপোরটকে ১৮ বছর ধরে অবহেলা করে এসেছেন;

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## মাথা মুড়িয়ে চূন-কালি মাখানো হয় খয়রাতি তালিকা গায়েবের অভিযোগে

ধ্রুব চৌধুরী, ফরাক্কা : গত ১৮ সেপটেম্বর রাতে ফরাক্কার পুলিশ জিগরী গ্রামের এক বিরাট বিক্ষুব্ধ জনতার হাত থেকে গ্রাম পঞ্চায়েৎ সদস্য আবুল মাষ্টারকে মাথা ন্যাড়া, গালে চুন-কালি মাখা অপদস্থ অবস্থায় উদ্ধার করে এবং দুদিনে মোট আটজনকে গ্রেফতার করে। কোর্টে চালান দিলে সেখান থেকে সকলকে জামিনে ছেড়ে দেওয়া হয়। বিক্ষুব্ধদের সকলেই ইন্দিরাপন্থী। চুন-কালি মাখা ন্যাড়া মাথাওয়ালা সদস্য সি-পি-এম দলভুক্ত। গ্রাম পরিক্রমা বাকী ছিল। থানায় সি-পি-এম সদস্যের তরফ থেকে অভিযোগ করা হয়েছে যে, বাহান্ন কিগ্রা চিঁড়ে আত্মসাতের ভুয়া অভিযোগ এনে ওই সদস্যকে অপদস্থ

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## লরিচালকের মার ঠেকাতে পুলিশের গুলি

ফরাক্কা ব্যারেজ, ২৪ সেপটেম্বর—পুলিশের ওপর লরিচালকদের সম্মিলিত আক্রমণ ঠেকাতে গতকাল নিউ ফরাক্কা মোড়ে জাতীয় সড়কে পুলিশকে এক রাউণ্ড গুলি চালাতে হয়েছে বলে জানা গেছে। পুলিশ সূত্রের খবরে বলা হয়েছে রাস্তার ওপর অনেক লরি একসঙ্গে এমনভাবে দাঁড়িয়েছিল যে, আর কোন গাড়ীর তাদেরকে পাশ কাটিয়ে বেরিয়ে যাওয়ার উপায় ছিল না। ঠিক সেই সময় কলকাতা—শিলিগুড়ি রুটের একটি বাস একই কারণে বাধা পায়। দু'জন সশস্ত্র কনসটেবল লরিগুলিকে রাস্তা ছেড়ে দিতে অনুরোধ করলে তাদের সঙ্গে বচসা শুরু হয় এবং লরিচালকেরা সম্মিলিতভাবে কনসটেবলদের ওপর চড়াও হয়। বচন তেওয়ারী নামে একজন লরিচালক নিজেকে সেনাবাহিনীর

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## তারাপুর কোম্পানীতে ঘেরাও

ধুলিয়ান, ২৬ সেপটেম্বর—তারাপুর কোম্পানীর ১৮/২০ জন প্রহরী তিন দফা দাবিতে পরশু থেকে কোম্পানীর সিকিউরিটি অফিসার এবং অস্থায়ী ভারপ্রাপ্ত অফিসারকে ঘেরাও করেন। ৩১ ঘণ্টা পর গতকাল ঘেরাও তুলে নেওয়া হয়।

## 'যাত্রীরা হুঁশিয়ার'

বিশেষ সংবাদদাতা, ফরাক্কা : মালদা জেলায় রেজেষ্ট্রি করা ডব্লিউ-জি-আর-১১০৪নং ভাড়াবাহী ট্যাকসি থেকে ফরাক্কা এবং আশেপাশের এলাকার যাত্রী সাধারণ সাবধান। গত ২০ সেপটেম্বর রাতে নিউ ফরাক্কার মোড়ের জনৈক চা ও পান বিক্রেতাকে ফীডার ক্যানালের ধার বরাবর রাস্তা থেকে তুলে নিয়ে তাকে ঐ ট্যাকসিতে হত্যার যে চেষ্টা হয়েছিল সেটি চাঞ্চল্যকর যেমন, তেমনি রোমহর্ষক। ঘটনাটি পুলিশের অগোচর নয়। কেবল ভাগ্যগুণেই সেই পান ও চা বিক্রেতা বেঁচে গিয়েছেন। নিউ ফরাক্কায় তালাস নিলেই এই সাবধানবাণীর সত্যতা যাচাই করা যেতে পারে।

## আমাদের কৈফিয়ৎ

এবারের বন্যা—বন্যা নয়, যেন ছিন্নমস্তার প্রলয়-নৃত্য। দেশ থেকে দেশান্তরে, গ্রাম থেকে গঞ্জে, ঘর থেকে বাইরে সর্বত্র তার উল্লসিত উন্মত্ততার সঙ্গে বিধ্বংসী পদসঞ্চার। দিল্লী থেকে হাওড়া—সর্বত্র আজ সৃষ্টি-স্থিতি বিপর্যস্ত। দিকে দিকে শুধু আর্তের কান্না আর সর্বহারা মানুষের বুকচাপা দীর্ঘশ্বাস। বন্যার জলে ভেসে গেছে কত ধন-সম্পদ আর অমূল্য প্রাণ। সেই সঙ্গে বন্যার্তদের চোখের বাঁধ-ভাঙা লোনা জলে ভেসে যাচ্ছে তাদের বক্ষদেশ। এদের সান্ত্বনা দেবার ভাষা আমাদের নাই। দুর্গত মানুষের দুঃখে এবং বিপর্যয়ে আমরাও বেদনার্ত। এদের পাশে দাঁড়িয়ে আমরাও দুর্গতি-নাশিনী দুর্গার কাছে প্রার্থনা জানাই—ত্রাহি মা দুর্গে। আমাদের পাঠকদের জানাই, দেশজোড়া এই দুঃসময়ে 'জঙ্গিপুর সংবাদ'-এর শারদ সঙ্কলন প্রকাশের মানসিকতা এবার আমাদের নাই। প্রকৃতি-উদ্ভূত পরিস্থিতির পরিপ্রেক্ষিতে আমাদের বিরত-প্রয়াসের জন্য আপনাদের কাছে আমরা ক্ষমাপ্রার্থী।

—সম্পাদক, জঙ্গিপুর সংবাদ

## সাসপেনসন প্রত্যাহৃত

ধুলিয়ান, ২৩ সেপটেম্বর—সামসেরগঞ্জ থানার ও সি আঃ সফিকের ওপর থেকে সাসপেনসন আদেশ প্রত্যাহার করে নেওয়া হয়েছে বলে খবর পাওয়া গিয়েছে। ১৭ তারিখে তাঁকে সাসপেণ্ড করা হয়।

আপনার গৃহসজ্জায় অনুপম সৌন্দর্য্যের জন্য যুগান্তকারী একটি নাম—
গোদরেজ
আমাদের সঙ্গে যোগাযোগ করুন, আমরা আপনার ঘরে গোদরেজের আলমারী, রিফ্রেজেটর, চেয়ার-টেবিল নামমাত্র খরচে পৌঁছে দেব॥
অনুমোদিত পরিবেশক
মেঃ ভকত ভাই প্রাঃ লিঃ
বোলপুর ★ বীরভূম
পিন : ৭৩১২০৪
ফোন নং ২৪১

**মুখ্যমন্ত্রীর বন্যাত্রাণ তহবিলে মুক্তহস্তে দান করুন**

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১০ই আশ্বিন বুধবার, ১৩৮৫ সাল।

## ঔষধে ভেজাল

অপরাধ ছোটই হউক অথবা বড়ই—তাহা অপরাধই। হত্যা, নারীধর্ষণ যেমন অপরাধ, খাদ্যে ও ঔষধে ভেজাল দেওয়া ঠিক তেমনই অপরাধ। খাদ্য মানুষের প্রাণ, মানুষের কর্মশক্তির ইন্ধন; সেই খাদ্যে প্রাণহানিকর ভেজাল মিশ্রিত করিয়া সাধারণ্যে সরবরাহ করা যে কত বড় অপরাধ তাহা কাহাকেও বুঝাইয়া বলিবার প্রয়োজন করে না। তেমনই ঔষধ মানুষের রোগ নিরাময়ের জন্য একান্ত দরকার। ব্যাধিজর্জর মৃত্যুপথযাত্রী রোগীকে বাঁচাইয়া তুলিবার জন্য মানুষকে ঔষধের শরণাপন্ন হইতে হয়। ইহার জন্য সামান্য সঞ্চয় হইতে শুরু করিয়া স্ত্রীর গহনা পর্যন্ত বিক্রয় করিতে হয়। উদ্দেশ্য একটিই—নিশ্চিত মৃত্যুর হাত হইতে একটি অমূল্য জীবনকে রক্ষা করা। কিন্তু সেই ঔষধেও যদি ভেজাল মিশান হয়, তাহা হইলে মানুষ নির্ভর করিবে কাহার উপর ?

বাস্তবে তাহাই হইতেছে। কত শত প্রাণ আজ মেকী ঔষধের বলি হইতেছে তাহার হিসাব নাই। প্রাণরক্ষার আশায় মানুষ নিঃস্ব হইয়া ঔষধ কিনিয়া খায় কিন্তু রোগ সারে না। কারণ একটিই—দুর্বুদ্ধি ঔষধ ব্যবসায়িগণের ভেজাল ঔষধের কারবার। সাধারণ মানুষ সরল বিশ্বাসে এইভাবে মেকী ঔষধের শিকার হইয়া অবশেষে অন্তিম দশা লাভ করে। ইহা নিশ্চয়ই সামান্য অপরাধ নহে। খুন-জখম-হত্যা-ধর্ষণের মত ইহাও জঘন্য অপরাধ। অস্ত্রের আঘাতে মানুষ খুন করা আর ভেজাল ঔষধ খাওয়াইয়া মানুষের মৃত্যু ঘটান—সমান অপরাধ।

সৌদি আরবে সম্প্রতি নারীধর্ষণ এবং হত্যার অপরাধে অপরাধীদের শিরচ্ছেদ করিয়া শাস্তিবিধান করা হইয়াছে বলিয়া সংবাদ প্রকাশিত হইয়াছে। আমাদের দেশে সেরকম কোন শাস্তির বিধান নাই ঠিকই, তবু হত্যাকারীকে যাবজ্জীবন কারাদণ্ডের যে বিধান রহিয়াছে—শাস্তির পক্ষে তাহাই যথেষ্ট। ভেজাল ঔষধের কারবারীর জন্যও একই বিধানের সংস্থান রহিয়াছে। কিন্তু আইনের কূট চালে অধিকাংশ ক্ষেত্রেই তাহা বানচাল হইয়া যায়, অধিকাংশ অপরাধীই খালাস পায়। যদিও আমরা সকলেই জানি, প্রাণরক্ষার নামে যাহারা প্রাণহননে লিপ্ত, যে যাহাই বলুক, তাহারা হত্যাকারী ছাড়া আর কিছুই নহে। সমাজ তাহাদের ঘৃণা করে।

## চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )

### জনস্বার্থবিরোধী সিদ্ধান্ত

আপনার পত্রিকায় ১৫ নং ওয়ার্ডের একজন জনসাধারণ হিসাবে আমি জঙ্গিপুর পৌরসভার পৌরপিতার উদাসীন মনোভাবের একটি ঘটনার উল্লেখ করিতে চাই। রঘুনাথগঞ্জ বাজারপাড়ায় ১৫নং ওয়ার্ডে পৌরসভার পরিচালনাধীনে একটি প্রাথমিক বিদ্যালয় আছে। উহাতে প্রায় আড়াই শত ছাত্রছাত্রী ও সাতজন শিক্ষক আছেন। ছাত্রছাত্রীর সংখ্যানুপাতে বিদ্যালয়ে জায়গার সংকুলান না হওয়ায় দুইভাগে বিভক্ত করিয়া ক্লাস করিতে হয়। উক্ত বিদ্যালয় ও সামনে পাকা রাস্তার মধ্যে ৮/১০ হাত ফাঁকা জায়গা আছে। উক্ত স্থানে ছেলেরা খেলাধুলা করে। হঠাৎ কয়েকদিন পূর্বে উক্ত স্থানে জনৈক ব্যক্তি দোকান করিবার উদ্দেশ্যে একটি কাঠের ঢপ বসাইলে পাড়ার জনসাধারণ ও শিক্ষকগণ জিজ্ঞাসাবাদে জানিতে পারেন যে, তিনি পৌরসভার অনুমতি লইয়াই উক্ত ঢপ বসাইতেছেন। এমতাবস্থায় বিদ্যালয়ের সম্মুখে ঢপের দোকান বসিলে হট্টগোল হইবে এবং ছোট ছোট ছেলেমেয়েদের খেলাধুলার জায়গা নষ্ট হইবে ও বিদ্যালয়ের সমূহ ক্ষতি হইবে। এবং পড়াশুনার পরিবেশের ব্যাঘাত ঘটিবে। এই উদ্দেশ্যে শিক্ষকগণ পৌরপিতার নিকট আবেদন জানাইলে তিনি স্বয়ং ঘটনাস্থলে আসিলে পাড়ার অভিভাবক ও শিক্ষকগণ উক্ত ঢপ বসানোর অনুমতি না দেওয়ার জন্য অনুরোধ করেন। কিন্তু পৌরপিতা মহাশয় জনসাধারণের আবেদন উপেক্ষা করিয়া উক্ত স্থানে উক্ত ঢপ বসাইবার অনুমতি দিয়াছেন। ইহাতে পাড়ার সকল জনসাধারণ ও শিক্ষকগণ বিস্মিত হইতেছেন এই ভাবিয়া যে, অতঃপর বিদ্যালয়টির স্বাভাবিক ও স্বাস্থ্যকর পরিবেশ নষ্ট হইবে। ইহার বিরুদ্ধে দৃঢ় জনমত গঠন করিয়া এই ধরনের সিদ্ধান্তের বিরুদ্ধে সকলকে ঐক্যবদ্ধভাবে প্রতিবাদ জানাইবার জন্য আবেদন জানাইতেছি, এবং জনস্বার্থবিরোধী আচরণের তীব্র নিন্দা করিতেছি। অমরনাথ বন্দ্যোপাধ্যায়, রঘুনাথগঞ্জ বাজারপাড়া।

## হরিজন নিগৃহীত

জঙ্গিপুর, ২৭ সেপ্টেম্বর—বন্যাপীড়িত রঘুনাথগঞ্জ দু'নম্বর ব্লকের গ্রামঞ্চলে হরিজনদের ওপর গোয়ালাদের অত্যাচার বেড়ে গিয়েছে বলে খবর পাওয়া যাচ্ছে। এই সপ্তাহে গবাদি পশুর খাবার নিয়ে বাদানুবাদের একটি ঘটনায় সেকেন্দ্রা গ্রামে গোয়ালারা একজন হরিজনের মাথা ফাটিয়ে দিয়েছে বলে অভিযোগ। ইতিপূর্বে তারা একজন বৈরাগীকে মারধোর করে বলে প্রকাশ।

**গম খেয়ে অসুস্থ :** রঘুনাথগঞ্জ ২নং ব্লকের সেকেন্দ্রা অঞ্চলে ত্রাণের গম খেয়ে বন্যাদুর্গত বহু মানুষ পেটের অসুখে আক্রান্ত হয়েছেন বলে গ্রামবাসীরা জানিয়েছেন। অন্যান্য অঞ্চল থেকেও একই খবর আসছে।

**রামকৃষ্ণ মিশনের সেবা :** রামকৃষ্ণ মিশনের সারগাছি আশ্রমের সন্ন্যাসীরা ১৫ সেপ্টেম্বর থেকে রঘুনাথগঞ্জ ২নং ব্লকের তেঘরী ত্রাণ শিবিরে রোজ দু'হাজার বন্যার্তকে খিচুড়ি রান্না করে খাওয়াচ্ছেন বলে জানিয়েছেন।

**কলেরার সম্ভাবনা :** দ্বিতীয় দফায় বন্যার পর সামসেরগঞ্জের বিভিন্ন এলাকায় পরিবেশ দূষিত হয়ে পড়ায় কলেরার প্রাদুর্ভাবের সম্ভাবনা দেখা দিয়েছে বলে ধুলিয়ান থেকে আমাদের সংবাদদাতা লিখেছেন। তিনি জানিয়েছেন, এরই মধ্যে কলেরায় আক্রান্ত কিছু কিছু রোগী ডাক্তারের দ্বারস্থ হচ্ছেন বলে শোনা যাচ্ছে।

**সিনেমা কর্মীদের হতাশা :** বন্যার ফলে ধুলিয়ানের দুটি সিনেমা হল বন্ধ থাকায় কর্মীদের মধ্যে হতাশা দেখা দিয়েছে পুজো এগিয়ে আসছে অথচ বোনাসের নাম গন্ধ নাই বলে অভিযোগ করা হয়েছে। তাঁরা বোনাসসহ এক মাসের অগ্রিম বেতন দাবি করেছেন।

**গঙ্গার জল বাড়ছে :** আজ থেকে গঙ্গা ও পদ্মার জল আবার বাড়তে শুরু করেছে। ফলে জঙ্গিপুর মহকুমায় তৃতীয় দফায় বন্যার সম্ভাবনা দেখা দিয়েছে। পাগলা ও বাঁশলৈ নদীর জলও দ্রুতগতিতে বৃদ্ধি পাচ্ছে।

## 'সে তো এল না'

বিশেষ সংবাদদাতা, ফরাক্কা : 'গুষ্টি শুদ্ধ হাঁইটা' ইং; পোয়াতির পেটে ছেলে নাই' নাটকটি মঞ্চস্থ হয়েছিল গত ১৭ই ব্যারাজ স্কুল সংলগ্ন ময়দানে একেবারে দিনের বেলায়। নাটকের প্রাণ পুরুষ ছিলেন কেন্দ্রীয় সেচ ও কৃষিমন্ত্রী সুরজিৎ সিং বারনালা। তাঁর আসার পথ চেয়ে পাঁয়তারা কষছিলেন কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনীর রকমারি সিপাহী, আধা ও পুরা অফিসার। স্কুল ময়দানে হেলিকপ্টার নামার জন্য নির্দিষ্ট ছিল চুন মার্কা ছক। ফায়ার ব্রিগেড রেডি। গার্ড-অব-অনারের উপযুক্ত ব্যবস্থা। বিক্ষুব্ধ মাষ্টার রোল কর্মীদের রকমারি দাবী সম্বলিত রকমারি ফেষ্টুন, প্ল্যাকার্ড ইত্যাদি। সাড়ে দশটা থেকে বেলা গড়িয়ে বিকেল হয়ে গেল, তবু 'সে তো এল না'। আশ্চর্য্য পুলিশ এখানে অনুপস্থিত। কেন ? তারপরই সকলের জিজ্ঞাসা কে রটালো এই খবর ? কোথা থেকে পেল সি-এস-এফ ? বুদ্‌বুদের বনে গেল দর্শক-শ্রোতা আর নিরাপত্তা বাহিনীর প্রহরীরা।

## হুঁশিয়ারী দেওয়া হয়েছিল

( প্রথম পৃষ্ঠার পর )

যার ফলে জঙ্গিপুর মহকুমার বন্যা পরিস্থিতি বছর বছর ভয়াবহ রূপ ধারণ করছে। ডঃ রাধাকমল মুখারজি নামে একজন গবেষক প্রায় ৫০ বছর আগে গঙ্গাভাঙন সম্পর্কে সাবধান করে গিয়েছেন। সেই সাবধানবাণীও অবহেলিত হয়েছে। তাছাড়া ভুল তথ্য পরিবেশন করে কেন্দ্রীয় সরকারকে জঙ্গিপুর মহকুমার গঙ্গাভাঙন ও স্থায়ী বন্যা সমস্যাকে ছোট করে দেখানো হয়েছে। অমল রায় ছাড়াও পুরপতি ডাঃ গৌরীপতি চট্টোপাধ্যায়ের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় আলোচনায় অংশগ্রহণ করেন বিশ্বপতি চট্টোপাধ্যায় ক্ষিতিরঞ্জন মজুমদার, বরুণ রায়, সত্যনারায়ণ ভকত, শক্তিসাধন মুখোপাধ্যায় প্রমুখ। সভা প্রস্তাব করে, এলাকার দীর্ঘস্থায়ী সমস্যার প্রতি ব্যারেজ কর্তৃপক্ষ তথা কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণের জন্য মহকুমায় একদিনের হরতাল ডাকা হোক এবং পরবর্তী পর্যায়ে আইন অমান্য আন্দোলন শুরু করা হোক। সমস্ত প্রকার আন্দোলন সংগঠনের জন্য সভায় একটি প্রস্তুতি কমিটিও গঠন করা হয়।

## বনের কাঠ পাচার

সাগরদীঘি, ২৭ সেপ্টেম্বর—বুধবার রাত আড়াইটে নাগাদ বন থেকে একটি মোষের গাড়ী বেরোতে দেখে মনিগ্রাম ফরেষ্ট গারড সেটিকে আটক করেন। দেখা যায়, গাড়ী বোঝাই সেগুন কাঠ সামান্য খড় দিয়ে ঢাকা। বহরমপুরের ফরেষ্ট রেঞ্জ অফিসার এ খবর দিয়ে জানান, মনিগ্রাম সংরক্ষিত বন থেকে এভাবে দামী দামী কাঠ পাচারের খবর পেয়ে একজন বীট অফিসার ঘটনাস্থল পরিদর্শন করেন। তিনি আরও জানান, রাত্রে মূল্যবান কাঠ কেটে পুকুরে ডুবিয়ে রাখা হয়। পরে ছাল পচে গেলে সেগুলি রঘুনাথগঞ্জের একটি অাঙ্গালী কাঠ চেরাই কারখানায় চড়া দামে বিক্রী করা হয়। এদের সাহায্য করে গ্রামের কিছু লোক। এদিন যে কাঠ ধরা পড়ে তার দাম প্রায় আড়াই হাজার টাকা।

## কংগ্রেস (ই) থেকে কংগ্রেসে

অরঙ্গাবাদ, ২৬ সেপ্টেম্বর—সুতী ১ নং ব্লকের সাদিকপুর গ্রাম পঞ্চায়েতে নির্বাচিত সদস্য মোঃ ইয়াসিন বিশ্বাস কংগ্রেস (ই) থেকে কংগ্রেস দলে যোগদান করেছেন। সুতীর এম এল এ মোঃ সোহরাব এ খবর দিয়েছেন।

## ব্যাঙ্ক-প্রহরী গ্রেপ্তার

সাগরদীঘি, ২২ সেপ্টেম্বর—রাজীব ষ্টোরস্ থেকে চোরাই বালতি কেনার অভিযোগে পুলিশ আজ এলাহাবাদ ব্যাঙ্কের সাগরদীঘি শাখার প্রহরী অরুণ মুখারজিকে গ্রেপ্তার করে। তাঁর বাড়ী থেকে বালতিটি আটক করা হয়। এ খবর দিয়ে পুলিশ জানায়, কিছুদিন আগে একটি লরি থেকে অন্যান্য জিনিসের সঙ্গে ৬০/৬৫টি বালতি লুঠ হয়। তার মধ্যে ৫০টি কেনে রাজীব ষ্টোরস্। সেখান থেকে একটি কেনে ব্যাঙ্ক, আরেকটি প্রহরী। উপযুক্ত রসিদ দেখাতে না পারায় বালতিটি আটক এবং প্রহরীকে গ্রেপ্তার করা হয়। তাঁকে 'উদ্দেশ্য-মূলকভাবে গ্রেপ্তারের অভিযোগ' পুলিশ অস্বীকার করে।

## বৈতরণী পার হতে গিয়ে

সাগরদীঘি, ২৬ সেপ্টেম্বর—দেরীতে পাওয়া এক খবরে প্রকাশ, গরুর লেজ ধরে বন্যাপ্লাবিত বালিয়ার উপলাই বিল পার হতে গিয়ে গত মঙ্গলবার একজন যুবক হাত ফসকে অতল তলে তলিয়ে যায়।

## সাজানো লুঠেরা ধৃত

ফরাক্কা ব্যারেজ, ২৬ সেপ্টেম্বর—হাইওয়ে পেট্রল শুক্রবার রাত্রে ফরাক্কা থানার জিগরীতে একজন সাজ ো লরি লুঠেরাকে ৫ হাজার টাকা দামের এক গাঁট টেরিকটন কাপড় সমেত গ্রেপ্তার করেছে। পুলিশ সূত্রে জানা গেছে, ধৃত ব্যক্তি একটি লরির খালাসী। ওই লরিতে কাপড়ের গাঁটটি আসামের জন্য বুক করা হয় কলকাতায়। জিগরীতে পৌঁছে লরিচালক গাঁটটি নাঘিয়ে ধুলিয়ানে বিক্রী করার পরামর্শ দেয় খালাসীকে। খালাসী তার পরামর্শ মত গাঁট নিয়ে নেমে গেলে লরিচালক কোন থানায় সাজানো লরি লুঠের অভিযোগ দায়ের করার উদ্দেশ্যে চম্পট দেয় বলে পুলিশের সন্দেহ।

## বারসার নিয়োগ বৈধ

নিজস্ব সংবাদদাতা : ১৩ সেপ্টেম্বর জঙ্গিপুর সংবাদে জঙ্গিপুর কলেজে হিসাব পরীক্ষার জন্য অবৈধভাবে একজন 'বারসার' নিয়োগ করা হয়েছে বলে যে খবর বেরিয়েছে সে সম্পর্কে খোঁজখবর নিয়ে জানা গেছে, যখন 'বারসার' নিয়োগ করা হয় তখন স্পনসরড কলেজের নিয়ম অনুযায়ী বারসার নিয়োগের উপযুক্ত ছাত্র সংখ্যা কলেজে ছিল। পরবর্তীকালে ছাত্র সংখ্যা হয়তো কমেছে কিন্তু বারসারের পদটি আইনসঙ্গতভাবে বহাল থেকে গিয়েছে।

## ডঃ রমা চৌধুরী আসছেন

নিজস্ব প্রতিনিধি : আগামী ২ অক্টোবর পশ্চিমবঙ্গ শিক্ষক সমিতির মুর্শিদাবাদ জেলা সম্মেলন বহরমপুর গ্র্যাণ্ট হলে অনুষ্ঠিত হবে। সমিতির সভাপতি মোঃ সোহরাব এ খবর দিয়ে জানিয়েছেন, সম্মেলনের উদ্বোধন করবেন রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ডঃ রমা চৌধুরী। প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন যথাক্রমে কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন সহ-উপাচার্য (শিক্ষা) ডঃ পি কে বসু ও পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি ডঃ দেবীশঙ্কর গাঙ্গুলী।

## শহরের উপকণ্ঠে ছিনতাই

রঘুনাথগঞ্জ, ২৬ সেপ্টেম্বর—দফরপুর-রঘুনাথগঞ্জ রাস্তায় গত কয়েকদিনে একাধিক ছিনতাইয়ের ঘটনা ঘটেছে বলে খবর পাওয়া গিয়েছে। পুলিশী তৎপরতা লক্ষ্য করা যায়নি। পথচারীরা ভীত ও সন্ত্রস্ত হয়ে পড়েছেন।

## বিশ্বকর্মা ফ্রী-ষ্টাইল

বিশেষ সংবাদদাতা, ফরাক্কা : কালিয়াচক (মালদা) বনাম নিউ ফরাক্কা (মুর্শিদাবাদ) এক ফ্রী-ষ্টাইল লড়াইয়ে গত ২০ সেপ্টেম্বর রাতে ফরাক্কার চৌরাস্তায় কয়েকজন আহত, গ্রেপ্তার উভয় পক্ষে আড়াই ডজনের কিছু বেশী। গ্রেপ্তার হয়েছেন বিশ্বকর্মা স্বয়ং, তাঁর রথ এবং বাহন হাতী। বিশ্বকর্মার হাত ভেঙেছে, ভেঙেছে হাতীর শুঁড়। অবশ্য এদের হাসপাতালে পাঠান হয়নি। রাত বাড়লে সেই রাতে অনুপমদৃশ্য বিশ্বকর্মা প্রতিমা নিয়ে কালিয়াচক থেকে একটি ট্রাক আসে। ট্রাকেই বাজনা মাইক আর প্রচুর লোক। পৌছয় নিউ ফরাক্কা মোড়ে। সেখানে এক দেহবিলাসিনীকে প্রতিমা বহনকারীরা অশালীন উক্তি এবং প্রকাশ্যে অশোভন আহ্বান করলে পথচারীদের সাথে বচসা, বাদ-প্রতিবাদ এবং মারামারি একেবারে ফ্রী-ষ্টাইলে। খবর পেয়ে পুলিশ আসে। শোভাযাত্রীরা বোতল পুরাণে ছিলেন বিভোর। তাঁদের ফরাক্কা পর্য্যন্ত প্রতিমা নিরঞ্জন শোভাযাত্রা আনার অনুমতিপত্র ছিল না। ছিল খেজুরিয়া-ঘাট পর্য্যন্ত।

এক অভিযোগে প্রকাশ, শোভাযাত্রাকারীরা মামলাকে জোরদার করার জন্য নিজেরাই প্রতিমার অঙ্গহানি ঘটিয়ে রঙ চড়াবার অপচেষ্টা চালিয়েছে। একথা তাদেরই উক্তিতে এবং তদন্তেও প্রকাশ পেয়েছে। অবশ্য আপোষ মীমাংসায় উভয় পক্ষ রাজী হওয়াতে আদালত পর্য্যন্ত গড়ায়নি, অক্ষ দি-রেকরডেট নিষ্পত্তি হয়েছে।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ২০শে নভেম্বর, ১৯৭৮

২/৭৮ মনিজারী

ডিঃ এক্রামূল হক দিং দেং গৌর-গোপাল ঘোষ নাবালক দাবি ৪০২৯'৪০ পঃ

১নং লাট থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ০৩ শতকের কাত ৮'০৮ টাঃ খং ৪৭২ আঃ ১৫০০৲ স্থিতিবান স্বত্ব

২নং লাট মৌজাদি ঐ '০১ শতকের কাত ৫'৩৫ টাঃ খং ৫৬৬ আঃ ১০০০৲ ঐ স্বত্ব

৩নং লাট মৌজাদি ঐ '০৩ শতকের কাত ৬'৮৩ টাঃ খং ৫৬৯ আঃ ১৫০০৲ ঐ স্বত্ব

## তালাইয়ে ডাকাতি, গুলি

রঘুনাথগঞ্জ, ২৫ সেপ্টেম্বর—গত রাত্রে এই থানার তালাই গ্রামে বিভূতিভূষণ ঘোষের বাড়ীতে ডাকাতি হয়। ডাকাতদের প্রহারে গৃহস্বামী জখম হন। লুঠ করে পালাবার সময় তারা এক রাউণ্ড গুলি চালায়। খবরটি পুলিশ সূত্রের।

**ঊষা হার্ডওয়ার ষ্টোর**
স্থান পরিবর্ত্তন : রেডক্রশের পাশে
বাবুলবোনা রোড, বহরমপুর
মুর্শিদাবাদ
হলার, যাঁতা, ঘানি, মেশিনারী দ্রব্য বিক্রেতা।

**শ্রীগুরু হোমিও হল**
ডাঃ ডি, এন, চ্যাটার্জ্জী, ডি, এম, এস
দরবেশপাড়া, রঘুনাথগঞ্জ
মুর্শিদাবাদ
সর্বপ্রকার হোমিওপ্যাথিক ও বায়োকেমিক ঔষধ বিক্রয় হয় এবং যে কোন ব্যাধিগ্রস্ত (Acute or Chronic) রোগীর চিকিৎসা হয়।

বহরমপুর—রঘুনাথগঞ্জ ভায়া
সাগরদীঘি রুটে স্বাচ্ছন্দ্যে যাতায়াতের
জন্য নির্ভরযোগ্য বাস
**নেশার বাস সারভিস**
( ভারতের যে কোন স্থানে ভ্রমণের
জন্য রিজারভ দেওয়া হয়

**ডাঃ এস, এ, তালেব**
ডি এম এস
পোঃ ফরাক্কা ব্যারেজ, মুর্শিদাবাদ।
হোমিওপ্যাথি মতে যাবতীয় পুরাতন রোগের চিকিৎসা করা হয়।

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি
সিনিয়র রুস্তম বিড়ি
**বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী**
পোঃ ধুলিয়ান (মুর্শিদাবাদ)
সেলস্ অফিস : গৌহাটি ও তেজপুর
ফোন : ধুলিয়ান—২১

সবার প্রিয় চা—
**চা ভাণ্ডার**
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

**জায়গা বিক্রয়**
রঘুনাথগঞ্জ ডাকবাংলো সংলগ্ন ভদ্র পল্লীতে বাসোপযোগী এক বিঘা জায়গা বিক্রী আছে। যোগাযোগের ঠিকানা—জঙ্গিপুর সংবাদ কার্যালয়, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)।

## চুন-কালি মাখানো হয়

( ১ম পৃষ্ঠার পর )

করা হয়েছে...ইত্যাদি। তারই ফল-শ্রুতি এই গ্রেপ্তার। আসামীদের ধরে আনতে গিয়ে পুলিশ শত শত গ্রামবাসী প্রদত্ত বাধার সম্মুখীন হয়। সকলেরই দাবী সকলকেই থানায় নিয়ে যেতে হবে গ্রেফতার করে। এর ফলে বেশ কয়েক ঘণ্টা জাতীয় সড়ক অবরুদ্ধ হয়ে যায়। খবর পেয়ে ফরাক্কা আর সমশেরগঞ্জ থানা থেকে প্রচুর পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হলে পথ পরিষ্কার হয়। আসামীদেরও থানায় নিয়ে যাওয়া হয়। গত সপ্তাহের জঙ্গিপুর সংবাদে খবরটি বেরোনোর পর আমরা আরো খোঁজ-খবর নিতে শুরু করি। এবং ঘটনাকে কেন্দ্র করে আমাদের তদন্ত ভিন্ন কথা বলে। বাহান্ন কিগ্রা চিঁড়ে আত্মসাতের কথা মিথ্যে নয়, তবে বর্তমান ঘটনার সাথে জড়িত নয়। বেশ কিছুদিন আগে এই প্রচেষ্টা ফলবতী হয়নি। প্রচেষ্টার কথা ফুটে গেলে গ্রামবাসীদের চাপে সে চিঁড়ে বার হয় এবং সকলে এক মুঠ করে খেয়ে শেষ করে দেয়।

এবার এক্ষেত্রে সরকারী খয়রাতি বিলির তালিকা গায়েব করার অভি-যোগে বিক্ষুব্ধ জনতা শেষের পথ বেছে নেয়। জিগরী গ্রাম পঞ্চায়েতে তিন সদস্যের দু' জন ইন্দিরাপন্থী এবং আবুল মাষ্টার সি পি এম দলের। খয়রাতি বিলির ব্যাপারে দলবাজি প্রকট হয়ে পড়ে। ইন্দিরাপন্থীদের তৈরী তালিকা চূড়ান্ত অনুমোদনের জন্য আবুল মাষ্টারকে দেয়া হয়। পরে খয়রাতি বিলির সময় দেখা যায় ওই দুই সদস্যের তালিকার নাম অনু-পস্থিত। মাষ্টারকে জিজ্ঞেস করা হলে তিনি অস্বীকার করেন। তারই ফলস্বরূপ—রকমারি গ্রাম্য-ব্যবস্থা। পুলিশ শাস্ত্রে এটি একটি অপরাধ গ্রাহ্য ঘটনা। শেষ খবরে জানা গেছে, ব্যাপক ধরপাকড়ের ফলে বহু লোক গ্রামছাড়া হয়েছে।

## বিশ্রী লোডশেডিং

নিজস্ব সংবাদদাতা : পূজোর মুখে ঘন ঘন লোডশেডিং-এর কবল থেকে মুক্তিলাভের আশায় রঘুনাথগঞ্জ শহরের অনেক ব্যবসায়ী জেনারেটরের দ্বারস্থ হয়েছেন। শহরে এ ধরনের প্রচেষ্টা এই প্রথম। অন্যদিকে মহকুমার সর্বত্র লোডশেডিং চলছে। স্বাভাবিক কাজকর্ম, গ্রামীণ উৎপাদন এবং পূজোর বাজার দারুণভাবে মার খাচ্ছে। বিদ্যুৎ সরবরাহের অবনতিতে সকলে হতাশ হয়ে পড়ছেন।

## মার ঠেকাতে পুলিশের গুলি

( ১ম পৃষ্ঠার পর )

প্রাক্তন জওয়ান বলে পরিচয় দিয়ে একজন কনসটেবলের কাছ থেকে রাইফেল ছিনিয়ে নেওয়ার চেষ্টা করে। পুলিশ তখন 'আত্মরক্ষার জন্য' এক রাউণ্ড গুলি চালায়। চালকদের প্রহারে গুরুতরভাবে আহত একজন কনসটেবলকে আশঙ্কজনক অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে এবং চালক ও খালাসি মিলিয়ে ২৪ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

**রঘুনাথগঞ্জে :** রঘুনাথগঞ্জের সেকেন্দ্রায় ৩৫৭টি ভুয়া জি আর টোকন ধরা পড়েছে বলে খবর পাওয়া গেছে।


পূজা এবং গান্ধী জয়ন্তী উপলক্ষে

বিশেষ রিবেট

সুতী খাদি ২৫%
রীল্ড সিল্ক ১৫%
স্পান সিল্ক ২৫%





গান্ধী স্মারকনিধি
খাদি গ্রামোদ্যোগ ভাণ্ডার
বাজারপাড়া ★ রঘুনাথগঞ্জ

৮ই অক্টোবর, ১৯৭৮ পর্যন্ত এই রিবেট চালু থাকিবে।



এবার পূজোয় সবার সেরা

সমবায়িকা

লালদীঘি : বহরমপুর
ফোন—৩৩৫

জিনিসে অথবা নগদে ২০০০ টাকার পুরস্কার
৬ই সেপ্টেম্বর থেকে ৪ঠা নভেম্বর পর্যন্ত
একটা মেমোতে ৫০ টাকার ঊর্দ্ধে মাল কিনলেই
আপনি পুরস্কার জেতার সুযোগ পাবেন।


বিঃ দ্রঃ—বেবীফুড ও কন্ট্রোল কাপড়ের উপর কোন পুরস্কার নাই।



জবাকুসুম

তেল মাখা কি ছেড়েই দিলি?
তা কেন, দিনের বেলা তেল মেখে ঘুরে বেড়াতে অনেক সময় অসুবিধা লাগে।
কিন্তু তেল না মেখে চুলের যত্ন নিবি কি করে?
আমি তো দিনের বেলা অসুবিধা হলে রাত্রে শুতে যাবার আগে ভাল করে জবাকুসুম মেখে চুল আঁচড়ে শুই।
জবাকুসুম মাখলে চুল তো ভাল থাকেই ঘুমও ভারী ভাল হয়।

সি. কে. সেন অ্যাণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস,
কলিকাতা, নিউ দিল্লী




রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুপম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

বন্যাদুর্গত মানুষ আপনার সাহায্যপ্রার্থী, ওদের সাহায্য করুন